

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৫২৭৫
আগরতলা, ২৩ মার্চ, ২০২৪

১০ম বার্ষিক জুডিশিয়াল কনক্লেভ
আদালতের প্রচেষ্টা ও দায়িত্ব হচ্ছে মামলা দ্রুত নিষ্পত্তি করা : সুপ্রিম কোর্টের বিচারপতি

ত্রিপুরা জুডিশিয়াল একাডেমি ও ত্রিপুরা হাইকোর্টের উদ্যোগে নরসিংগড়স্থিত ত্রিপুরা জুডিশিয়াল একাডেমির অডিটরিয়ামে আজ ১০ম বার্ষিক জুডিশিয়াল কনক্লেভ অনুষ্ঠিত হয়। কনক্লেভের উদ্বোধন করেন প্রধান অতিথি সুপ্রিম কোর্টের বিচারপতি জাস্টিস সূর্য কান্ত। উদ্বোধনী অনুষ্ঠানে অন্যান্য অতিথিদের মধ্যে উপস্থিত ছিলেন ত্রিপুরা হাইকোর্টের প্রধান বিচারপতি জাস্টিস অপরেশ কুমার সিং, ত্রিপুরা হাইকোর্টের বিচারপতি অরিন্দম লোধ, এডভোকেট জেনারেল সিদ্ধার্থ শঙ্কর দে, ত্রিপুরা বার কাউন্সিলের চেয়ারম্যান রতন দত্ত, হাইকোর্ট বার অ্যাসোসিয়েশনের প্রেসিডেন্ট পুরুষোত্তম রায় বর্মণ, ত্রিপুরা জুডিশিয়াল একাডেমির ডাইরেক্টর ঋষিকেশ চক্রবর্তী, হাইকোর্ট এবং সুপ্রিম কোর্টের বরিষ্ঠ আইনজীবীরা এবং মুখ্য সচিব জে কে সিনহা।

১০ম বার্ষিক জুডিশিয়াল কনক্লেভের উদ্বোধন করে সুপ্রিম কোর্টের বিচারপতি জাস্টিস সূর্য কান্ত বলেন, আদালতে দীর্ঘদিন মামলা অমীমাংসিত থাকলে বিচার ব্যবস্থার ভূমিকা প্রশ্নের সম্মুখীন হয়। কোন বিচারপতি বা আদালতের প্রচেষ্টা ও দায়িত্ব হচ্ছে মামলা দ্রুত নিষ্পত্তি করা। সেজন্য আদালতের পক্ষ থেকে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া জরুরী। তেমনি আলোচনার মাধ্যমে মামলা নিষ্পত্তির ব্যবস্থার উপরও তিনি গুরুত্ব আরোপ করেন। সেজন্য জুডিশিয়াল অফিসারদের প্রশিক্ষণ ও সচেতনতামূলক কর্মসূচিতে অংশগ্রহণের প্রয়োজন রয়েছে বলে তিনি মনে করেন। তিনি বলেন, মামলা নিষ্পত্তি তথা ন্যায় প্রদানের ক্ষেত্রে ত্রিপুরা পিছিয়ে নেই।

অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে ত্রিপুরা হাইকোর্টের প্রধান বিচারপতি অপরেশ কুমার সিং আজকের দিনটিকে ঐতিহাসিক বলে মন্তব্য করেন কেননা ত্রিপুরা হাইকোর্টের আজ দশ বছর পূর্তি হয়েছে। তিনি বলেন, ত্রিপুরা হাইকোর্ট এখন জোর কদমে কাজ করছে এবং দ্রুত মামলার নিষ্পত্তি করছে। ১ জানুয়ারি, ২০২৩ সালে অমীমাংসিত মামলার সংখ্যা ছিল ১,৬০০টি। গতকাল পর্যন্ত তা কমিয়ে আনা হয়েছে ১,১৭০ টিতে। লোক আদালতের মাধ্যমেও বহু মামলার নিষ্পত্তি হচ্ছে।

১০ম বার্ষিক জুডিশিয়াল কনক্লেভ উপলক্ষে ত্রিপুরা হাইকোর্টের বার্ষিক রিপোর্ট ২০২৩ এবং ত্রিপুরা স্টেট লিগ্যাল সার্ভিসেস এর মাসিক পত্রিকা প্রকাশ কর হয়। সুপ্রিম কোর্টের বিচারপতি সূর্য কান্ত মঞ্চ থেকেই কমলপুর জেলা ও সেশন কোর্টের নব নির্মিত বিল্ডিং-এর ভার্চুয়ালি উদ্বোধন করেন এবং 'শৈশব' নামে একটি নতুন প্রকল্প চালু করেন। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ত্রিপুরা হাইকোর্টের বিচারপতি অরিন্দম লোধ এবং ধন্যবাদ জ্ঞাপন করেন ত্রিপুরা জুডিশিয়াল একাডেমির ডাইরেক্টর ঋষিকেশ চক্রবর্তী। তাছাড়াও কনক্লেভে বক্তব্য রাখেন ত্রিপুরা হাইকোর্ট বার অ্যাসোসিয়েশনের সভাপতি পুরুষোত্তম রায় বর্মণ, ত্রিপুরা বার কাউন্সিলের চেয়ারম্যান রতন দত্ত এবং এডভোকেট জেনারেল সিদ্ধার্থ শঙ্কর দে প্রমুখ।
